



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং-পসব্য/প্রকা/হিসাব-১১/২০১৮-১৯/২৩৯৬(১)

তারিখঃ ১১/০৭/২০১৮খ্রি.

জনাব মোঃ শামীম হোসেন
উপজেলা সমন্বয়কারী
একটি বাড়ি একটি খামার প্রকল্প
রানীশংকৈল উপজেলা

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)
পল্লী সঞ্চয় ব্যাংক
রানীশংকৈল শাখা, ঠাকুরগাঁও।

বিষয় : ডে ওপেন ও ক্লোজ না করার জন্য ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আপনার ০৯.০৭.২০১৮ তারিখের পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, রানীশংকৈল শাখায় (কোড নং-৬৯০৪) বিগত ০৫.০৭.২০১৮ খ্রি: এবং ০৮.০৭.২০১৮ খ্রি: ০২ (দুই) দিন ডে ওপেন এবং ডে ক্লোজ করা হয় নাই। ফলে ০৯.০৭.২০১৮ খ্রি: তারিখে ডে ওপেন করা যাচ্ছে না। ডে ওপেন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন। শাখায় প্রতিটি কার্যদিবসে সকাল ১০.০০ ঘটিকায় ডে ওপেন করে সারাদিনের লেনদেন সমাপ্তির পরে ডে ক্লোজ করা প্রত্যেক শাখা ব্যবস্থাপকের দায়িত্ব। রানীশংকৈল শাখার অনলাইন ব্যাংকিং কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, প্রায়ই ডে ওপেন এবং ডে ক্লোজ করা হয়না। ইতোপূর্বে তদন্ত প্রতিবেদনেও তা উল্লেখ করা হয়েছে। কর্মদিবসে শাখার ডে ওপেন এবং লেনদেন করে ডে ক্লোজ করা না হলে ব্যাংকের কোন কার্যক্রম হয়েছে বলে ধরা হয়না। অর্থাৎ প্রায়ই আপনি বর্ণিত দায়িত্ব পালন না করে শাখার কার্যক্রম বন্ধ রাখেন যা কর্তব্য পালনে গুরুতর অবহেলা ও অসাদাচরনের সামিল।

০৩। এমতাবস্থায়, কি কারণে আপনার শাখায় নিয়মিত ডে ওপেন/ডে ক্লোজ করা হয়না এবং তজ্জন্য কেন আপনাকে অসদাচরণ ও দায়িত্ব পালনে অবহেলার দায়ে দায়ী করা হবে না তার ব্যাখ্যা অত্র পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।

(মীর মোফাজ্জল হোসেন)

মহাব্যবস্থাপক

ফোন +৮৮০-০২-৫৫১৩৮৫৫৯

ই-মেইল gmit@pallisanchaybank.gov.bd

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, রানীশংকৈল উপজেলা, ঠাকুরগাঁও।
৪. অফিস কপি।